

## 🗏 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯ : ৮৩

## আরবি মূল আয়াত:

## اَلَم تَرَ اَنَّا اَرسَلنَا الشَّيْطِينَ عَلَى الكَّفِرِينَ تَؤُزُّهُم اَزًّا ﴿٨٣﴾

## 

তুমি কি লক্ষ্ম করনি যে, আমি কাফিরদের জন্য শয়তানদেরকে ছেড়ে দিয়েছি; ওরা তাদেরকে বিশেষভাবে প্ররোচিত করে? — আল-বায়ান

তুমি কি লক্ষ্য কর না যে, আমি কাফিরদের জন্য শয়ত্বানকে ছেড়ে রেখেছি তাদেরকে মন্দ কর্ম করতে প্ররোচিত করার জন্য। — তাইসিরুল

তুমি কি লক্ষ্য করনা যে, আমি কাফিরদের জন্য শাইতানদেরকে ছেড়ে রেখেছি তাদেরকে মন্দ কর্মে বিশেষভাবে প্রলুব্ধ করার জন্য। — মুজিবুর রহমান

Do you not see that We have sent the devils upon the disbelievers, inciting them to [evil] with [constant] incitement? — Sahih International

৮৩. আপনি কি লক্ষ্য করেননি যে, আমরা কাফেরদের জন্য শয়তানদেরকে ছেড়ে রেখেছি, তাদেরকে মন্দ কাজে বিশেষভাবে প্রলুব্ধ করার জন্য।(১)

(১) تَوْرُهُمْ أَزًّا শব্দের অর্থ দ্রুত করতে চাওয়া। [ফাতহুল কাদীর] তার অন্য অর্থ হচ্ছে, নাড়াচাড়া দেয়া, কোন কাজের জন্যে প্রলুব্ধ করা, উৎসাহিত করা। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] আয়াতের অর্থ এই যে, শয়তানরা কাফেরদেরকে মন্দ কাজে প্রেরণা যোগাতে থাকে, মন্দ কাজের সৌন্দর্য অন্তরে প্রতিষ্ঠিত করে দেয় এবং সেগুলোর অনিষ্টের প্রতি দৃষ্টিপাত করতে দেয় না। তাদেরকে পথভ্রম্ভ করতে থাকে। সীমালঙ্গন করতে দেয়। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৮৩) তুমি কি লক্ষ্য কর না যে, আমি অবিশ্বাসীদের জন্য শয়তানদেরকে ছেড়ে রেখেছি; তারা তাদেরকে মন্দকর্মে বিশেষভাবে প্রলুব্ধ করে থাকে। [1]

[1] অর্থাৎ পথভ্রস্ট করে, প্রলোভন ও কুমন্ত্রণা দেয় এবং পাপের দিকে টেনে নিয়ে যায়।

তাফসীরে আহসানল বায়ান



 🏶 hadithbd.com — কুরআন — মারইয়াম । Maryam | مُرْيُم ।

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন